২৬/৪/২০০১

তারিখ ... ... ...
পৃষ্ঠা ... ৩ ... কলাম ... ২ ...

দৈনিক সংবাদ

# শিক্ষক নিয়োগ পরীক্ষায় নকল ॥ বহিষ্কার ৫৩

ঠাকুরগাঁ থেকে জেলা বার্তা পরিবেশক ঃ গত ১৩ই এপ্রিল শুক্রবার সকালে ঠাকুরগাঁ শহরের ৪টি কেন্দ্রে অনুষ্ঠিত সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক (আইডিএ/এডিবি প্রজেক্ট) পদের জন্য নির্বাচনী পরীক্ষায় ব্যাপক নকল হয়েছে। নকলের অভিযোগে ৫৩ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে। এর মধ্যে ৪৭ জন মহিলা এবং ৬ জন পুরুষ। মোট ৩ হাজার ১শ ৩৮ জন প্রার্থীর মধ্যে ২ হাজার ৬শ ৬৭ জন নির্বাচনী পরীক্ষায় অংশ নেয়। পরীক্ষা শুরু হওয়ার মাত্র ৫ মিনিটের মধ্যে প্রশ্নপত্র বাইরে পাচার হয়ে যায় এবং ৪০ টাকা থেকে ৫০ টাকার বিনিময়ে উত্তরপত্রের ফটোকপি বিক্রি হয়।

বিভিন্ন এজেন্টের মাধ্যমে এসব উত্তরপত্র পরীক্ষার্থীদের কাছে পৌছানো হয়। অভিযোগ রয়েছে, ঠাকুরগাঁ শহরে কয়েকজন স্কুল শিক্ষক রয়েছেন, এরা যেকোন পরীক্ষায় পরিদর্শকের দায়িত্ব পালনকালে মোটা টাকার বিনিময়ে বিশেষ বিশেষ ব্যক্তিদের সন্তান-আত্মীয়দের প্রত্যক্ষ ও পরোক্ষভাবে নকল সরবরাহ করে থাকেন।

এদের নাম সহসা কেউ প্রকাশ না করলেও এদের কমবেশি সবাই জানেন এবং চেনেন। গত ১৩ই এপ্রিলের শিক্ষক নির্বাচনী পরীক্ষায় এরা একটি বিশেষ কেন্দ্রে ছিলেন, আর ওই কেন্দ্রেই নকলের